উৎসবেঃ
বিপদেঃ
সম্পদেঃ
প্রয়োজন টাকার ঃ—আপনাকে টাকা উপার্জ্জন করতে সঞ্চয় করতে ও বর্দ্ধিত করতে সাহায্য করবে

দি
## ইণ্ডিয়ান ষ্ট্যাণ্ডার্ড ব্যাঙ্ক লিঃ

স্থাপিত ১৯২৮

হেড অফিস ঃ—৩নং ম্যাঙ্গো লেন, কলিকাতা
বিশেষ সর্ত্তাদির জন্য স্থানীয় ব্যাঙ্কে অনুসন্ধান করুন
জঙ্গীপুর শাখার
ম্যানেজিং এজেন্ট ঃ— পি, চ্যাটার্জ্জি, বি-এল।
ম্যানেজিং ডিরেক্টর ঃ— পি, কে, গুহ।



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৸৹ টাকা। নগদ মূল্য ⁄৹ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄১৹ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩২শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৬ই আষাঢ় বুধবার ১৩৫২ ইংরাজী 20th June, 1945 { ৬ষ্ঠ সংখ্যা



এই জনগ[illegible] জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৫৪ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন ঃ—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৸৹, ছোট ১৷৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাণ্ডো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাণ্ডো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲; ৩টী একত্রে ৫৸৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা



## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা উৎসাহ, কত শান্তির ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ়-বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন পাথেয় নিয়ে দাঁড়াবে?—

জীবনযাত্রার অনিশ্চিতপথে জীবনবীমা মানুষের প্রধান পাথেয়।

হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

১৯৪৪ সালে নূতন বীমা ১০ কোটী টাকার উপর

## হিন্দুস্থান কো-অপারেটিভ্

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস - হিন্দুস্থান বিল্ডিংসঃ কলিকাতা

## Board of Revenue, Bengal.

"A" Group. Wards Branch.

Order No. 6413 W. dated Calcutta,

the 24th May, 1945.

Under the provisions of section 65 Act IX (B. C.) of 1879, the Court of Wards hereby directs that its jurisdiction over the Lalgola Raj Wards Estate in the District of Murshidabad shall cease from the 19th July, 1945, and that the owners of the said estate shall be restored to the possession thereof from the said date subject to any contract entered into by the Court for the preservation or benefit of the said estate.

By order of the Court of Wards, Bengal.
Sd. P. R. Das Gupta,
Secretary,
Boards of Revenue, Bengal.

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৬ই আষাঢ় বুধবার সন ১৩৫২ সাল

## লালগোলার
## রাজা ধীরেন্দ্রনারায়ণ রায়

লালগোলাধিপতি মহারাজা রাও স্যর যোগীন্দ্রনারায়ণ রায় কে-টি; সি-আই ই মহোদয়ের পৌত্র কুমার ধীরেন্দ্রনারায়ণ রায় মহাশয়কে মহামান্য সম্রাটের জন্মদিনে তাঁহার ব্যক্তিগত সম্মান রাজা উপাধি-ভূষিত হইতে দেখিয়া আমরা অত্যন্ত আনন্দিত হইয়াছি। আমরা জানি—

"আকরে পদ্মরাগাণাং জন্মঃ কাচ মনেঃ কুতঃ"

অর্থাৎ পদ্মরাগ মণির খনিতে পদ্মরাগ মণিই জন্মিয়া থাকে কাচ জন্মে না। ধীরেন্দ্রনারায়ণ বাল্যকাল হইতে দানবীর পিতামহের দানশক্তির উত্তরাধিকারী হইবার সৌভাগ্য লাভ করিয়াছেন। মুর্শিদাবাদের রাজবংশোদ্ভূত রাজা ধীরেন্দ্রনারায়ণকে আমাদের আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করিতেছি।

ধীরেন্দ্রনারায়ণ একজন নাম করা ঔপন্যাসিক ও নাট্যকার। আমরা সুসাহিত্যিক রাজা ধীরেন্দ্রনারায়ণকে আমাদের হৃদয়ের সম্বর্দ্ধনা জ্ঞাপন করিতেছি।

রাজা ধীরেন্দ্রনারায়ণ যেমন শতবর্ষাধিক বয়স্কের প্রাতঃস্মরণীয় দানে মুক্ত হস্ত পিতামহের সদ্‌গুণাবলীর অধিকারী হইয়াছেন, তেমনি তাঁহার মত স্বাস্থ্য ও দীর্ঘায়ু লাভ করুন ইহাই কামনা করিয়া বলি—

"যাবদ্বীচি তরঙ্গান্ বহতি সুরনদী জাহ্নবী পুণ্যতোয়া,
যাবচ্চাকাশমার্গে তপতি হি ভুবনং ভাস্করো লোকপালঃ,
যাবদ্বজ্রেন্দ্রঃ নীলঃ স্ফটিকমণিশিলা বিদ্যতে মেরুশৃঙ্গে,
তাবৎ পুত্রৈশ্চ পৌত্রৈঃ স্বজন পরিবৃতো ভুঙ্ক্ষ রাজ্যং
নৃপাল।"

---

## সাপের কবল হইতে বালকের প্রাণরক্ষা

### যুবকের প্রশংসনীয় কার্য্য

আমেরিকান বিমান নির্ম্মাণ কারখানায় জনৈক তরুণ ইলেকট্রিসিয়ান কি ভাবে আপনার জীবন বিপন্ন করিয়া একটী বিষধর সর্পের কবল হইতে ১টী বালকের প্রাণরক্ষা করিয়াছেন। তাহার এক সংবাদ পাওয়া গিয়াছে। ঐ সাহসী যুবকের নাম শ্রীযুক্ত বিনয় দাশগুপ্ত। কয়েকদিন পূর্ব্বে কাজের সময় যখন একটী বিমান ক্ষেত্রের নিকট দিয়া যাইতেছিলেন, সেই সময় তিনি দেখিতে পান যে, একটী বালকের সম্মুখে একটী সর্প ফণা তুলিয়া দাঁড়াইয়া আছে। বালকের মাতা সাহায্যের জন্য চীৎকার করিতেছে। ঐ বালকের মাতার চীৎকার শুনিয়া কয়েকজন কুলী তথায় আসে, কিন্তু সর্প দেখিয়াই তাহারা প্রাণভয়ে পলায়ন করে। বিনয় দাশগুপ্ত বাম হস্তে সর্পের লেজ এবং দক্ষিণ হস্তে ফণা চাপিয়া ধরেন। সর্পটী মারা না যাওয়া পর্য্যন্ত তিনি তাহাকে ধরিয়া রাখিয়াছিলেন। বালকটীর জীবন রক্ষা হয় বটে, কিন্তু সর্পটী ভীষণভাবে তাঁহাকে দংশন করে, ফলে তিনি অজ্ঞান হইয়া যান। তাঁহার ঊর্দ্ধতন আমেরিকান কর্ম্মচারী তাঁহার প্রাথমিক চিকিৎসা করেন এবং তাঁহাকে মোটরে করিয়া অবিলম্বে কালকাতা মেডিকেল কলেজ হাসপাতালে লইয়া যাওয়া হয়। ফলে তাঁহার উন্নতি হইতেছে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৬ই জুলাই ১৯৪৫

১৯৪৫ সালের ডিক্রীজারী

২২৬ থাং ডিঃ রাহাহক বিশ্বাস দিং দেং সতীশ সরকার দিং দাবি ২৩৬৶৩ থানা সমসেরগঞ্জ মৌজে অনন্তপুর ৫১২৬ জমির কাত ২৷৶৩ আঃ ১৫৲ খং ১১২৫

১৩৫ থাং ডিঃ শ্যামাচরণ গঙ্গোপাধ্যায় দিং দেং প্রফুল্লময়ী সরকার দাবি ৮৯৷৶৬ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ৬-৪২ শতকের কাত ১৬৷৶৬ আঃ ২৫৲ খং ৬৮৯

২৫৮ থাং ডিঃ বস্থেশ্বরী দেবী দিং দেং বিশ্বেশ্বর বিদ্যারত্ন দিং দাবি ২২৯৲ থানা সাগরদীঘি মৌজে বড়গড়া ১২৫৲ টাকার জমা আঃ ৫০৲ খং ৪৫৯, ৪৬০ চিরস্থায়ী মোকররী

১৪০ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেং গোপালচন্দ্র সাহা দিং দাবি ৭৩৷৬ থানা সমসেরগঞ্জ মৌজে সনাতনগর ১—১১ শতকের কাত ৯৷৶৯ আঃ ২৫৲ খং ১১৯৬

২৫৯ থাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং ত্রিদিবেশচন্দ্র সিংহ দিং দাবি ১৫৷৵৯ থানা সমসেরগঞ্জ মৌজে মহাদেবনগর ১৩০-২১ শতকের সেস নিজাংশে ২৬৷৭ আঃ ১০০৲ খং ১০৩০

১৭৩ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং কালু সেখ দিং দাবি ২৩০৷৵৯ থানা সমসেরগঞ্জ মৌজে সেরপুর ৫-৫২ শতকের কাত ৩২৷৵.৮ আঃ ১২৫৲ খং ২৮৯, ২৯০, ২৯১, ২৯২ রায়ত স্থিতিবান

৩০৭ থাং ডিঃ শচীন্দ্রনাথ অধিকারী দিং দেং রফীউদ্দিন মুন্সী দাবি ২০৷০ থানা সমসেরগঞ্জ মৌজে ভবানীপুর ৩৯ শতকের কাত ২৫৵০ আঃ ১০৲ খং ৬৬৯ মোকররী স্বত্ব

৩০৮ থাং ডিঃ ঐ দেং হাসিমুদ্দিন সেখ দিং দাবি ২৮৫৵৬ মৌজাদি ঐ ৬২ শতকের কাত ৪৷০ আঃ ১৫৲ খং ৬৬৯ মোকররী স্বত্ব

৩৪৩ থাং ডিঃ ওয়াকফ এষ্টেটের জয়েন্ট মাতোয়ালি মৌঃ হুমায়ুন রেজা চৌধুরী দিং

দেং সেবাইত মহেন্দ্রনাথ সিংহ দিং দাবি ২৮৶৩ থানা সমসেরগঞ্জ মৌজে লোহরপুর ৯১॥০ বিঘার কাত ৪৭৮৶৯ আঃ ২০০৲

৩১৪ থাং ডিঃ ঐ দেং যশোদা ঘোষাইন দিং দাবি ৫১৮৶৩ থানা ফরক্কা মৌজে বাগডাঙ্গা ৪-৪৮ শতকের কাত ৮৶০ আঃ ৪০৲

৩১৫ থাং ডিঃ ঐ দেং চান্দু পাহাড়িয়া দিং দাবি ৭৮।৶৬ থানা ঐ মৌজে বাহাদুরপুর ৪-১৭ শতকের কাত ১৩।৶৩ আঃ ৬০৲

৩১৬ থাং ডিঃ ঐ দেং যশোদা খোষাইন দিং দাবি ৬৯।/৩ মৌজাদি ঐ ১৩-৬৯ শতকের কাত ১০৮/০ আঃ ৫০৲

৩১৭ থাং ডিঃ ঐ দেং গিরিশচন্দ্র মণ্ডল দাবি ১১৪৶৩ থানা ঐ মৌজে সুদনা ৪-১৭ শতকের কাত ১৯৮৶৯ আঃ ১০০৲

৩৩১ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং কার্ত্তিক মারিয়া দাবি ৮॥৶৬ থানা সাগরদীঘি মৌজে সমসাবাদ ১৫ শতকের কাত ॥৶১০ আঃ ৫৲ থং ৪৪৩

৩৩২ থাং ডিঃ ঐ দেং ভবেশ লেট দিং দাবি ৪৪।৶৯ মৌজাদি ঐ ৩-০-০ একর জমির কাত ৬॥/০ আঃ ৪০৲ থং ৪৪২

৩৩৬ থাং ডিঃ ঐ দেং গোডা মাঝি দিং দাবি ১৫৶৩ মৌজাদি ঐ ৫১ শতকের কাত ১৮৩ আঃ ১০৲ থং ৪৭৬

৩৩৭ থাং ডিঃ ঐ দেং আমানুল্লা মির্জ্জা দাবি ১৭৮০ থানা ঐ মৌজে হরহরি ৮০ শতকের কাত আঃ ১৫৲ থং ৪০৯

৩৪৭ থাং ডিঃ ঐ দেং দনুজদলনী দেব্যা দিং দাবি ১৩৮৶৯ থানা ঐ মৌজে চন্দনবাটী ১-৭৩ শতকের সেস।৬ আঃ ৫৲ থং ১৪১

৩৪৮ থাং ডিঃ ঐ দেং চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় দিং দাবি ১৮।/৯ মৌজাদি ঐ ৪-১৬ শতকের সেস।৶৬ আঃ ৮৲ থং ১৩৯

৩৩৩ থাং ডিঃ সেথ বেলালহোসেন মণ্ডল দিং দেং ঢুকড়ি মাঝি দাবি ২৮৮/৯ থানা সাগরদীঘি মৌজে পারুলিয়া ১-৬ শতকের কাত ৪৶১৭॥০ আঃ ২৫৲ থং ১৪০

৩৩৪ থাং ডিঃ ঐ দেং মান্তবালা দাস্যা দিং দাবি ৭১॥৬ থানা ঐ মৌজে কুমথি ৮/০ জমির কাত ৭৶০ আঃ ৬০৲ থং ৩৮

৩৩৫ থাং ডিঃ ঐ দেং এতবারী আবদাল দিং দাবি ৩৬।৩ থানা ঐ মৌজে কাঠেরপাড়া ২৫ শতকের কাত ৫॥১৫ আঃ ৩০৲ থং ২৭

২৩২ থাং ডিঃ কমলারঞ্জন ধর দেং রসিদ মহম্মদ সেথ নাবালক পক্ষে অলি মাতা ও স্বয়ং রাতিননেসা বিবি দাবি ৫৭৮/০ থানা সাগরদীঘি মৌজে চাঁদপাড়া ৩-৫০ শতকের কাত ৯/১৭ আঃ ৪৫৲ থং ১০১০

৪৯৫ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দেং হাজ বিবি দাবি ২১।০ থানা সাগরদীঘি মৌজে গাদী ৪৭ শতকের কাত ১॥৶০ আঃ ১০৲ থং ১৭৭

৬১৩ থাং ডিঃ রাজনন্দিনী দাসী দেং সমসের সেথ দাবি ২২৶৬ থানা সাগরদীঘি মৌজে বালিয়া ১০ শতকের কাত ৩।৶০ আঃ ৫৲ থং ৬০৭

৩৪৯ থাং ডিঃ সুবোধকৃষ্ণ ঘোষ মৌলিক দিং দেং অচলাবালা দেবী দাবি ১৫৮৶০ থানা সাগরদীঘি মৌজে শীতলপাড়া ১-১৭ শতকের কাত ৪/৪ আঃ ২৫৲ থং ২৪৭

৩৫০ থাং ডিঃ ঐ দেং মালেক উদ্ভব সেথ দাবি ৮।৬ মৌজাদি ঐ ১২ শতকের কাত ॥০ আঃ ৫৲ থং ১৬২

২৮৫ থাং ডিঃ মাগুমা খাতুন সাহেবা দেং ভোলানাথ ভকত দিং দাবি ১৭।৶৩ থানা সাগরদীঘি মৌজে বেলসাণ্ডা ৬৯ শতকের কাত ২৮৶০ আঃ ৫৲ থং ২২৪

২৮৮ থাং ডিঃ ঐ দেং ফতে বিবি দাবি ১৪॥৶৬ মৌজাদি ঐ ৩৭ শতকের কাত ২৫ আঃ ৫৲ থং ২১৩

২৯০ থাং ডিঃ ঐ দেং বঙ্কুরাম ভকত দিং দাবি ৩৫।৬ মৌজাদি ঐ ১-২ শতকের কাত ৭।/৩ আঃ ৫৲ থং ২১৭

২৯১ থাং ডিঃ ঐ দেং কিসনরাম ভকত দিং দাবি ৩২॥/৬ মৌজাদি ঐ ১-৯১ শতকের কাত ৯।/৮ আঃ ১০৲ থং ২৮৩

৩০৪ থাং ডিঃ রাজা প্রতিভানাথ রায় দেং মোসলেম খাঁ দিং দাবি ১২৮৶০ থানা সাগরদীঘি মৌজে গোবর্দ্ধনডাঙ্গা ২০ শতকের কাত ১॥৶২ আঃ ৫৲ থং ১১১

৩০৫ থাং ডিঃ ঐ দেং রহিম সেখ দিং দাবি ১২৶০ মৌজাদি ঐ ১-২৫ শতকের কাত ১॥৶১০ আঃ ৪৲ থং ১৩৪

১৬ মনি ডিঃ লছমিনারায়ণ সেরাওগী দেং বাহার আলি বিশ্বাস দাবি ৬৪০৮৶৯ থানা সমসেরগঞ্জ মৌজে কাঁকুড়িয়া ২০.২৫২ জমির কাত ১৯।/৯ আঃ ১০০৲ থং ৩২৮ এই সম্পত্তিতে দেন্দারের একের চার অংশ নীলাম হইবে।

১০ অন্য ডিঃ সরলাসুন্দরী দেবী মৃতান্তে ওয়ারি: দুর্গাপদ চট্টোপাধ্যায় দেং অতুলকৃষ্ণ সরকার দিং ১৬৬॥০ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ২৯ শতকের ৩।১১ আঃ ২০৲ থং ১১ দখলকার বসত প্রজা ২নং মৌজাদি ঐ ১ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ৪৬৫ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ৩ শতকের কাত ৬৲ আঃ ১৫৲ থং ১০ ঐ স্বত্ব

---

## বঙ্গীয় পুরাণ পরিষদ

শান্তিপুরস্থ বঙ্গীয় পুরাণ পরিষদের আগামী ২৩শে আষাঢ় হইতে আদ্য, মধ্য ও উপাধি পরীক্ষা আরম্ভ হইবে। সমগ্র ভারতবর্ষে ইহার বহু শাখা আছে। পণ্ডিত লক্ষ্মীকান্ত মৈত্র মহাশয় ইহার সম্পাদক। তাঁহার চেষ্টায় ইহার বিশেষ উন্নতি হইয়াছে।

---

## স্বামীর শোকে আত্মহত্যা

শোলাপুরের সহকারী সরকারী উকিল রাও সাহেব জি, আর দেশপাণ্ডে রক্তের চাপ বৃদ্ধিতে সহসা মৃত্যুমুখে পতিত হওয়ায় তাঁহার স্ত্রী স্বামীর মৃত্যুর অব্যবহিত পরেই আগুনে পুড়িয়া মারা যান। দুইটি শবই একসঙ্গে দাহ করা হয়।

---

## নূতন তাপমান যন্ত্র

ইণ্ডিয়ানার অন্তর্গত গ্যারিস্থিত মার্কিন লোহার কারখানার শ্রমিকরা ছয় ফুট লম্বা একটি যন্ত্রের সাহায্যে চুল্লীর তাপ নির্ণয় করিতেছে। ইহার নাম পাইরোমিটার বা তাপমান যন্ত্র। গলিত লৌহের উত্তাপ এতদ্দ্বারা নির্ণয় করা যায়। পূর্ব্বে চোখের আন্দাজেই এইরূপ তাপ নির্ণয় করা হইত।

---

## পশু চিকিৎসায় পেনিসিলিন

পশু চিকিৎসায় ব্যবহৃত পেনিসিলিনের নাম ভেটিসিলিন। ইহা দুগ্ধ ক্ষয় রোগে গরুর বাঁটে ইন্‌জেকশন করিলে উক্ত রোগ সারে। বিষাক্ত বাষ্প হইতে উৎপন্ন পশুর গ্যাংগ্রিন এবং শূকরের বিসর্প রোগেও ইহা প্রযুক্ত হয়।

---

( পর পৃষ্ঠা দেখুন। )

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প

ডাক মাশুল লাগে না।

প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK - POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED

---

## ঘোষ এণ্ড সন্স

প্রসিদ্ধ টাইল নির্ম্মাতা

ঘর ছাওয়াইবার রাণীগঞ্জ প্যাটার্ণের টাইল বিক্রয় জন্য প্রস্তুত আছে।

প্রোঃ শ্রীসুরেশচন্দ্র ঘোষ
পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন




রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত






## স্বরবল্লী




যে সব ডাক্তাররা
স্বরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে!

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস — কলিকাতা

---

## দি ওয়ার্ম ইণ্ডিকা ( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর ক্রিমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পূঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ